বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭

স্মারক নং ঃ- ৫৭.১৭.০০০০.২০১.০০২.২১.১৫

তারিখ: ২৪ শ্রাবণ, ১৪২৮ বঙ্গাব্দ
০৮ আগস্ট, ২০২১ খ্রিষ্টাব্দ

## বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের প্রবিধান মোতাবেক যে সকল শিক্ষার্থীর ৩য়, ৫ম ও ৭ম পর্বে পুনঃভর্তি আবশ্যক এমন পুনঃভর্তি হতে ইচ্ছুক শিক্ষার্থীদের তথ্য আগামী ১৪ আগস্ট, ২০২১ খ্রি. তারিখ হতে ২২ আগস্ট, ২০২১ খ্রি. তারিখ পর্যন্ত স্ব স্ব প্রতিষ্ঠান Login করে (বোর্ডের ওয়েবসাইটে বিজ্ঞপ্তির আওতায় ডিপ্লোমা পর্যায়ে **Link**-এ **Click** করে পুনঃভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তির ডান পার্শ্বে **For Entry Click Here**-এ **Click** করলে নির্দিষ্ট **Form** পাওয়া যাবে, তা **Fillup** করে **Send** করতে হবে) Online-এর মাধ্যমে বোর্ডে প্রেরণ এবং নিম্নেবর্ণিত তারিখের মধ্যে প্রাপ্ত পুন:ভর্তির আবেদনপত্রসমূহের নির্ধারিত ছক আকারে তথ্যাদি পূরণসহ শিক্ষার্থীদের আবেদনের সাথে প্রয়োজনীয় ডকুমেন্টস (সাধারণ নিয়মাবলীতে বর্ণিত ডকুমেন্টস) সংযুক্তপূর্বক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অধ্যক্ষের দপ্তর হতে বাহক মারফত ২৩-২৬ আগস্ট ২০২১ খ্রি. তারিখের মধ্যে পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড বরাবর জমা প্রদান করতে অনুরোধ জানানো হলো।

**নির্ধারিত ছকঃ**

| প্রতিষ্ঠান কোড ও নাম: | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| প্রতিষ্ঠানের ই-মেইল ঠিকানা: | | | প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নম্বর: | | | | | |
| ক্রম | শিক্ষার্থীর নাম | টেকনোলজি | রোল নং | রেজিস্ট্রেশন নং | পর্ব | শিফট | সেশন | যে প্রবিধানের আওতায় ভর্তি হয়েছে তার নাম (২০১০/২০১৬) |
| | | | | | | | | |

**পুনঃভর্তির সাধারণ নিয়মাবলীঃ**

১। পুনঃভর্তির আবেদনের সাথে রেজিষ্ট্রেশন কার্ড এবং পূর্ববর্তী পর্বের প্রবেশ পত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

২। পুনঃভর্তি হতে ইচ্ছুক শিক্ষার্থীদের প্রবিধান ২০১০ এবং প্রবিধান ২০১৬ (যার জন্য যেটি প্রযোজ্য) অনুসরণ করতে হবে।

৩। প্রবিধান ২০১০ এবং প্রবিধান ২০১৬-এর ৪.১৪.৪ ধারায় বর্ণিত অকৃতকার্য কোন শিক্ষার্থী ৫ম ও ৭ম পর্বে পুনঃভর্তি হতে চাইলে তাদের ক্ষেত্রে প্রবিধান ২০১০ এবং প্রবিধান ২০১৬-এর ৪.১৪.৫ ধারা মোতাবেক ৫ম ও ৭ম পর্বে সাময়িকভাবে অধ্যয়নের অনুমতি প্রদানের প্রমাণকসহ আবেদন করতে হবে।

৪। প্রবিধান ২০১০-এর সংশোধিত ধারা ৪.১৪.৪ এবং প্রবিধান ২০১৬-এর ধারা ৪.১৪.৪ মোতাবেক ৪র্থ ও ৬ষ্ঠ পর্বে ৪(চার) বা ততোধিক বিষয়ে অকৃতকার্য শিক্ষার্থীগণ পরবর্তিতে সংশ্লিষ্ট পর্বে ৪র্থ ও ৬ষ্ঠ পর্বে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহনের পর অনুত্তীর্ণ হলে তারা পুনঃভর্তিকৃত প্রতিষ্ঠানের ৪র্থ ও ৬ষ্ঠ পর্বের অনিয়মিত শিক্ষার্থী হিসেবে গণ্য হবে এবং পরবর্তি পর্বে অধ্যায়নের প্রদেয় পুনঃভর্তির আদেশ বাতিল বলে গণ্য হবে এবং প্রবিধান ২০১০-এর সংশোধিত ধারা ৪.১৪.৪ এবং প্রবিধান ২০১৬-এর ধারা ৪.১৪.৪ মোতাবেক ব্যবস্থা নিতে হবে।

৫। প্রতিষ্ঠানে পুনঃভর্তির আবেদন প্রাপ্তির পর আবেদন প্রবিধানের আলোকে যাচাই-বাছাই করে পুনঃ ভর্তিতে ইচ্ছুক শিক্ষার্থীদের তথ্য আগামী ১৪-২২ আগস্ট, ২০২১ খ্রি. তারিখের মধ্যে নিজ নিজ প্রতিষ্ঠানের মাধ্যমে Login-করে বোর্ড কর্তৃক নির্ধারিত ছকে Online-এর মাধ্যমে বোর্ডে প্রেরণ করতে হবে। Online-এ প্রেরিত শিক্ষার্থীদের তথ্যে প্রিন্ট করে রাখতে হবে এবং উক্ত প্রিন্ট কপিসহ অন্যান্য কাগজপত্র ২৩-২৬ আগস্ট ২০২১ খ্রি. তারিখে বোর্ডে জমা প্রদান করতে হবে।

৬। পুনঃভর্তির আবেদনের প্রেক্ষিতে Online-এ প্রেরিত তথ্যের হার্ড কপি অনুসারে শিক্ষার্থীদের পুনঃ ভর্তি ফি বাবদ শিক্ষার্থী প্রতি ২০০/- (দুইশত) টাকা হারে মোট টাকা সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড-এর অনুকুলে ব্যাংক ড্রাফট করতে হবে। উল্লেখ্য প্রতিটি প্রতিষ্ঠানের মোট পুনঃ ভর্তি শিক্ষার্থীর জন্য মোট টাকার একটি মাত্র ব্যাংক ড্রাফটের মাধ্যমে জমা দিতে হবে।

৭। শিক্ষার্থীর সংখ্যা ০৫ জনের বেশী হলে সফটকপি ওয়ার্ড ফাইলে (সিডি) করে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

বিদ্রঃ ১. পুনঃভর্তিকৃত শিক্ষার্থীদের তথ্য Online-এ প্রদেয় ছক আকারে শিক্ষার্থীদের তালিকাসহ Forwarding প্রতিষ্ঠান প্রধান কর্তৃক স্বাক্ষরসহ ২. Online-এ প্রেরিত তথ্যের প্রিন্ট কপি ৩. শিক্ষার্থীর আবেদনের কপি ৪. রেজিস্ট্রেশন কার্ড (অবশ্যই রেজিস্ট্রেশনের মেয়াদ থাকতে হবে।) ৫. পূর্ববর্তী পর্বের প্রবেশ পত্র ৬. নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি ৭. সাময়িকভাবে অধ্যয়নের অনুমতি প্রদানের প্রমাণক (প্রযোজ্য ক্ষেত্রে) সংযুক্তসহ এবং ৮. সমুদয় টাকার ব্যাংক ড্রাফট আগামী ২৩-২৬ আগস্ট ২০২১ খ্রি. তারিখে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডে জমা প্রদান করতে হবে। উল্লেখ্য প্রতিটি প্রতিষ্ঠানের মোট পুনঃ ভর্তিকৃত শিক্ষার্থীর জন্য মোট টাকার একটি মাত্র ব্যাংক ড্রাফটের মাধ্যমে জমা দিতে হবে২৩-২৬ আগস্ট ২০২১ খ্রি. তারিখের পরে কোন আবেদন এবং ব্যাংক ড্রাফট জমা নেয়া হবে না। এ বিষয়ে সকলের সহযোগীতা একান্তভাবে কাম্য।

০৮/৮/২১

(প্রকৌ. ফরিদ উদ্দিন আহম্মেদ)
পরিচালক (কারিকুলাম)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

স্মারক নং ৫৭.১৭.০০০০.২০১.০০২.২১.১৫ (৫৭৭)

তারিখ ঃ ০৮/০৮/২০২১খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন, ঢাকা।
২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪। পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫। পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬-৫৬৭। অধ্যক্ষ.........................................................................।
৫৭৪। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (বিজ্ঞপ্তিটি জরুরী ভিত্তিতে ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ জানানো হল)।
৫৭৫। উপ-সচিব(রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫৭৬। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫৭৭। নথি।

০৮/০৮/২০২১

(রূপক কান্তি বিশ্বাস)
কারিকুলাম বিশেষজ্ঞ (ডিপ্লোমা)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ০২-৫৫০০৬৫৪০
ইমেইলঃ btebcsdiploma@gmail.com